



কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়



ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি



- ১) ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম (PPE) শ্রমিক বা কর্মীদের জন্য এক প্রকার বিশেষ সরঞ্জাম যা তাদের দুর্ঘটনার বিপদ থেকে রক্ষা করে (যেমন- মাস্ক সুতার কণা থেকে রক্ষা করে, কাটিং মেশিন অপারেট করার সময় গ্লাভস হাতের, অ্যামব্রয়ডারির সময় ইয়ারপ্লাগ কানের, ওয়েল্ডিং কাজে চোখের চশমা, নির্মাণ কাজে হেলমেট মাথার সুরক্ষা করে ইত্যাদি)।
- ২) সেফটি কমিটি'র সদস্যরা ঝুঁকি মূল্যায়ন এবং নিয়ন্ত্রণের ব্যবস্থাগুলো আলোচনা করে সিদ্ধান্ত নেয় যে প্রতি সেকশন/ ডিপার্টমেন্ট-এ কী কী ধরনের PPE প্রয়োজন (সংখ্যাসহ)।

- ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি আপদকালীন সুরক্ষার জন্য অত্যন্ত কার্যকর পদ্ধতি, তাই এটা অন্য যেকোনো নিয়ন্ত্রণ ব্যবস্থা যেমন: ইঞ্জিনিয়ারিং নিয়ন্ত্রণ ব্যবস্থা (যেমন মেশিনের আই গার্ড, দাগ পরিষ্কারক, রুমে বাতাস নিষ্কাশনের ব্যবস্থা) এবং প্রশাসনিক নিয়ন্ত্রণ ব্যবস্থার মতোই গুরুত্বপূর্ণ।
- যেখানে ইঞ্জিনিয়ারিং নিয়ন্ত্রণ এবং প্রশাসনিক নিয়ন্ত্রণ দ্বারা সুরক্ষা সম্ভব নয় বা পর্যাপ্ত নয়, সেখানে ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি প্রয়োজন।



- ৩) সঠিক (টাইপ/ আকারের) ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি নির্ধারণ করা জরুরি; যদি তা না হয় তবে এটা কার্যকর ভূমিকা রাখতে পারবে না। উদাহরণস্বরূপ সব মাস্ক সব ধরনের ঝুঁকির জন্য উপযুক্ত নয়। ঝুঁকির ধরনের উপর ভিত্তি করে মাস্ক ব্যবহার করতে হবে। উদাহরণ স্বরূপ রাসায়নিক দ্রব্য ব্যবহারের ম্যাটেরিয়াল, সেফটি ডেটাশিট এবং মেশিন চালনার নির্দেশাবলিও গুরুত্বপূর্ণ। সেইফটি ম্যাটেরিয়াল ডেটাশিট (MSDS) নিরাপত্তা সরঞ্জামাদির ধরন সম্পর্কে তথ্য সরবরাহ করে।
- ৪) ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি বিনামূল্যে সরবরাহ করা মালিকের দায়িত্ব। PPE পুরাতন এবং নষ্ট হলে মালিক তা প্রতিস্থাপন করবে।
- ৫) আইন অনুযায়ী PPE বিতরণ এবং প্রশিক্ষণের ব্যবস্থা লিপিবদ্ধ করার জন্য একটি ফর্ম ব্যবহার করতে হবে। (ধারা ৭৮ ক, [ফরম-২৩, (ধারা ৬৪ (১), ৭৮ (১) (ক) ও ৭৯ (ঘ) বিএলএ এবং বিধি-৫৭ (১) ৬৭ (৩) ও ৬৮ (৯) - বিএলআর] ৮০; বিএলএ, ধারা ৬৭ বিএল আর, ফর্ম ২৩)। শ্রমিককে তার চাকরি শুরু করার পূর্বেই PPE সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করতে হবে। সেইফটি কমিটি প্রশিক্ষণ আয়োজন করার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহায়তা করবে।
- ৬) মালিককে নিশ্চিত করতে হবে যে শ্রমিকরা PPE পরিধান করছে (যেমন PPE ক্রয়ের পূর্বে আলোচনা, বাধ্যবাধকতার সাইন, পোস্টার, শ্রমিকদের প্রশিক্ষণ, তথ্য প্রচার, গান, প্রতিযোগিতা, ভালো অভ্যাসের জন্য পুরস্কার, দায়িত্বপ্রাপ্তকে OSH সম্পর্কে দায়িত্ব মনে করিয়ে দেয়া, দৈনিক ও সাপ্তাহিক পরীক্ষার ব্যবস্থা করা।
- ৭) শ্রমিকরা অবশ্যই সরবরাহকৃত PPE পরিধান করবে।
- ৮) ত্রুটিপূর্ণ (পর্যাপ্ত, সঠিক মাপ, নষ্ট/মেয়াদ উত্তীর্ণ নয়) PPE সম্পর্কে পরীক্ষা করা তাদের দায়িত্ব।
- ৯) মালিককে অবশ্যই সঠিকভাবে PPE রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ করতে হবে।
- ১০) শ্রমিকেরা অবশ্যই PPE হারানো বা ত্রুটিপূর্ণ হওয়া সম্পর্কে মালিক বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করবে।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

বিএফডিসি কমার্শিয়াল কমপ্লেক্স

২৩-২৪ কাওরান বাজার (২য় ও ৩য় তলা), ঢাকা ১২১৫

ফোন : +৮৮ ০২ ৫৫০ ১৩৬২৭

Web: www.dife.gov.bd

Email: chiefdife@gmail.com

এই প্রকাশনাটি কানাডা, নেদারল্যান্ডস, যুক্তরাজ্য ও আন্তর্জাতিক শ্রম সংস্থা (আই,এল,ও)-র 'তৈরি পোশাক শিল্পে কর্ম-পরিবেশ উন্নয়ন কর্মসূচি'-এর সহায়তায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক প্রকাশিত